

সম্পাদকীয়:

করোনাভাইরাসের ভয়াবহতায় সৃষ্ট অচলবস্থা যত দীর্ঘায়িত হচ্ছে, দৈনন্দিন আয়ের উপর নির্ভরশীল জনগোষ্ঠীর খাদ্যাভাবও ততই প্রকট হচ্ছে। এই সংকট দ্রুত নিরসন না হলে, সঙ্কটাপন্ন বিপুল সংখ্যক মানুষকে দীর্ঘমেয়াদী খাদ্য নিরাপত্তা কর্মসূচির আওতায় আনতে হবে সরকারকে। আশার কথা যে, সরকারি সহায়তার পাশাপাশি মানবতার টানে বিভিন্নমুখী উদ্যোগ নিয়ে এগিয়ে আসছে মানুষ; যার মধ্যে রয়েছেন সুজন-এর বন্ধুরাও। তাঁদের এই ক্ষুদ্র ক্ষুদ্র প্রচেষ্টার কথা অন্যান্য বন্ধুদের জানান দিতেই ধারাবাহিক প্রক্রিয়ার অংশ হিসেবে প্রকাশিত হলো এই নিউজ লেটার।

ঝিনাইদহে সুজন ও পিপিজি'র যৌথ উদ্যোগ:



সুজন ঝিনাইদহ জেলা কমিটি ও পিস প্রেসার গ্রুপের যৌথ উদ্যোগে গত ১৫ এপ্রিল ২০২০-এ, ঝিনাইদহ সদর উপজেলাধীন সুরাট ইউনিয়নের লাউদিয়া গ্রামের ৫০টি দরিদ্র পরিবারের মাঝে শারীরিক দুরত্বের নিয়ম অনুসরণ করে খাদ্যসহ সহায়তা সামগ্রী বিতরণ করা হয়। সহায়তা সামগ্রীর মধ্যে ছিল ১০ কেজি চাল, ১ কেজি ডাল ১ কেজি আলু, ১টি মাস্ক ও ১টি সাবান।

সুজন-ঝিনাইদহ জেলা কমিটির সাধারণ সম্পাদক শরীফ মাহমুদুল হাসান, পিপিজি'র পিস অ্যাসোসেডের জনাব আনোয়ারুল ইসলাম বাদশা ও পিপিজি সদস্য আহসান হাবিব রনকসহ স্থানীয় সুজন নেতৃবৃন্দ বিতরণ কাজে অংশ নেন।

গাবতলীতে কর্মহীনদের মাঝে খাদ্য বিতরণ:



সুজন-বগুড়া জেলার গাবতলী উপজেলা কমিটির উদ্যোগে গত ১৬ এপ্রিল ২০২০, বৃহস্পতিবার, গাবতলী সদর উপজেলার বিভিন্ন স্থানে ২৭টি

কর্মহীন দরিদ্র পরিবারের মধ্যে বাড়ি বাড়ি গিয়ে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। খাদ্য সামগ্রীর মধ্যে ছিল পরিবার প্রতি ৩ কেজি চাল, ২ কেজি আলু, ৫০০ গ্রাম পেঁয়াজ, ৫০০ গ্রাম ডাল ও ২৫০ গ্রাম মরিচ। সাথে ছিল একটি সাবান।

সংগঠনের গাবতলী উপজেলা কমিটির সাধারণ সম্পাদক সাংবাদিক আবু মুসাসহ অন্যান্য স্থানীয় নেতৃবৃন্দ বিতরণ কাজে অংশ নেন।

সুজন ও নবাবগঞ্জ এসি ক্লাবের যৌথ উদ্যোগ:



সুজন-লালবাগ থানা কমিটি ও ঐতিহাসিক পুরান ঢাকার নবাবগঞ্জ এসি ক্লাবের যৌথ উদ্যোগে গত ১০ এপ্রিল ২০২০, শুক্রবার, করোনাভাইরাসের প্রভাবে ঘোষিত লকডাউনে আটকে পড়া ৩০০টি দরিদ্র পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। খাদ্য সামগ্রীর মধ্যে ছিল ৩ কেজি চাল, ১ কেজি ময়দা, ১ কেজি ডাল ও ১ কেজি পেঁয়াজ।

নবাবগঞ্জ এসি ক্লাবের সম্মানিত উপদেষ্টা, বাংলাদেশ আওয়ামী লীগ, ঢাকা মহানগর দক্ষিণের সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ হুমায়ূন কবির বিতরণ কাজের শুভ উদ্বোধন করেন। সুজন-ঢাকা মহানগর কমিটির সহ-সম্পাদক ও লালবাগ থানা কমিটির সাধারণ সম্পাদক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে সুজন ও এসি ক্লাবের স্থানীয় নেতৃবৃন্দ বিতরণ কাজে অংশ নেন। খাদ্য বিতরণ ছাড়াও সুজন-লালবাগ থানা কমিটি স্থানীয় যুবকদের সহায়তায় গত ১ এপ্রিল ২০২০ তারিখে লালবাগ থানার বিভিন্ন সড়কে জীবাণুনাশক স্প্রে করানোর ব্যবস্থা করে।

বাংলাদেশে করোনাভাইরাসের সর্বশেষ চিত্র:

মোট আক্রান্ত: ৩,৩৮২ জন

মোট মৃত্যু: ১১০ জন

মোট সুস্থ: ৮৭ জন

তথ্যসূত্র: আইইডিসিআর; তারিখ: ২১-০৪-২০২০